

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১২৩৪

৮. পবিত্ৰতা অৰ্জন (كتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহার বক্তব্য "ফলে তাদেরকে বলা হয়, "যদি তোমরা গোসল করতে, (তবে সেটা কতইনা ভালো হতো)" এর দ্বারা উদ্দেশ্য হলো রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদেরকে এই নির্দেশ করেছিলেন

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ قَوْلَ عَائِشَةَ (فَقِيلَ لَهُمْ: لَوِ اغْتَسَلْتُمْ) أَرَادَتْ أَنَّ النَّبِيَّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَمَرَهُمْ بِذَلِكَ

## আরবী

## বাংলা

১২৩৪. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "মদীনার আশপাশের লোকজন তাদের বাড়ি থেকে পালাক্রমে জুমু'আয় উপস্থিত হতো। তারা আলখেল্লা পরে আসতো এবং তাদেরকে ধুলোবালি ও ঘাম পেয়ে বসতো ফলে তাদের শরীর থেকে দুর্গন্ধ বের হতো। এমনই এক ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে আসেন, সে সময় তিনি আমার কাছে ছিলেন, ফলে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "যদি তোমরা এই দিনের জন্য পবিত্রতা অর্জন করতে (তবে সেটা কতইনা ভালো হতো)।"[1]



## ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৯০২; সহীহ মুসলিম: ৮৪৭; সহীহ ইবনু খুয়াইমাহ: ১৭৫৪; সুনান বাইহাকী: ৩/১৮৯-১৯০; আবূ দাউদ: ১০৫৫; নাসাঈ: ৩/৯৩-৯৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রাহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৩৭৯।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন